দৈনিক বাংলা

তারিখ ..02 OCT 1988... ...
পৃষ্ঠা... ...1... কলাম... 3 ...

053

ডকুমেন্টেশন কেন্দ্র

মীরপুরে কলেজ উদ্বোধন

# শিশুদের গড়ে তুলতে সহায়তা করুন : এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ উপযুক্ত পারিবেশে ভবিষ্যৎ বংশধরদের গড়ে তোলার জন্য সকল মহলের প্রতি সহযোগিতার আহবান জানানোর মধ্য দিয়ে শনিবার ঢাকার মীরপুরে হারম্যান মাইনার কলেজ উদ্বোধন করেন। খবর বাসসর।

প্রেসিডেন্ট বলেন, আজকের শিশুরা দেশের সর্বোত্তম সম্পদ। কারণ তাদের ওপরই জাতির ভবিষ্যৎ নির্ভর করে। তাই ভালোভাবে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## শিশুদের গড়ে তুলতে

(১-এর পৃঃ পর)

তাদের লালন-পালন নিশ্চত করতে হবে। ওদের প্রতিভা বিকাশের চেষ্টা চালাতে হবে।

মীরপুরে সরকারের দান করা জমিতে এসওএস ইন্টারন্যাশনাল প্রতিষ্ঠিত এই কলেজের নামকরণ হয়েছে সংগঠনের প্রতিষ্ঠাতা পরলোকগত হারম্যান মাইনারের নামে।

প্রেসিডেন্ট এরশাদ মাতৃস্নেহে এতিমদের লালন-পালনের উপযুক্ত পরিবেশ সৃষ্টিতে হারম্যান মাইনারের অবদানের কথা উল্লেখ করেন।

শিশুদের কল্যাণে সরকারের প্রচেষ্টার উল্লেখ করে প্রেসিডেন্ট বলেন, শহর-নগরে শিশু একাডেমী ও শিশুপার্ক স্থাপন ছাড়াও এতিমদের জন্য ৭০টি শিশু সদন স্থাপন করা হয়েছে।

তিনি বলেন, শিশুরা যাতে মাতৃস্নেহে ও পারিবারিক পরিবেশে গড়ে উঠতে পারে, সেজন্য সরকার এসব শিশু সদনে এসওএস পল্লীর মত পরিবেশ সৃষ্টি করতে চান।

তিনি বলেন, এই কর্মসূচীর আওতায় তৃতীয় পাঁচশালা পরিকল্পনাকালে ১৬ কোটি টাকা ব্যয়ে ৩৭টি শিশু সদনে শিশু পরিবার গড়ে তোলা হবে।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, সরকারের এসব প্রচেষ্টাও যথেষ্ট নয়।

তিনি বলেন, শিশু কল্যাণ ব্যবস্থা গ্রামাঞ্চলে সম্প্রসারিত করা সরকারের ইচ্ছা। তিনি বাংলাদেশের গ্রামাঞ্চলে তৎপরতা সম্প্রসারণের জন্য এসওএস ইন্টারন্যাশনালের প্রতি আহবান জানান এবং এজন্য সরকারের সহযোগিতার আশ্বাস দেন।

তিনি বাংলাদেশে এসওএস ইন্টারন্যাশনালের অবদানের কথা উল্লেখ করে বলেন, তাদের লালিত ৪৭ জন মেয়েকে বিয়ে দেয়া হয়েছে, ৩২ জন ছেলে স্বনির্ভর হয়েছে এবং চারজন মেধাবী ছাত্র বিশ্ববিদ্যালয়ে ও একজন বাংলাদেশ সামরিক একাডেমীতে অধ্যয়ন করছে।

তিনি বাংলাদেশে এসওএস-এর সার্ভিস সম্প্রসারণে ব্যক্তিগত প্রচেষ্টার জন্য এসওএস ইন্টারন্যাশনালের সভাপতি হেলমুট কুটিনকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, সমাজ কল্যাণ মন্ত্রী রেজোয়ানুল হক চৌধুরী, এসওএস সভাপতি হেলমুট কুটিন, সমাজ কল্যাণ সচিব আজিজুল হক ও এসওএস প্রকল্প পরিচালক শেখ নিয়ামত আলী বক্তৃতা করেন।

হেলমুট কুটিন প্রেসিডেন্টের ত্রাণ তহবিলের জন্য পশ্চিম জার্মানীর এসওএস শিশু পল্লীর প্রদত্ত তিন লাখ টাকার একটি চেক প্রেসিডেন্টের কাছে হস্তান্তর করেন।

এর আগে, প্রেসিডেন্ট স্কুলের বিভিন্ন শ্রেণী কক্ষ পরিদর্শন করেন এবং শিশুদের সঙ্গে কথাবার্তা বলেন। তিনি ছাত্রদের আয়োজিত বিজ্ঞান মেলাও দেখেন।

উড়িরচর থেকে এনে এসওএস পল্লীতে লালিত চারটি শিশুর সঙ্গে প্রেসিডেন্টকে পরিচয় করিয়ে দেয়া হয়।

অনুষ্ঠানে স্পীকার শামসুল হুদা চৌধুরী, উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিন, মন্ত্রীবর্গ, নৌবাহিনী প্রধান, কূটনীতিকগণ ও পদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।